# জলবায়ু পরিবর্তন কমিক্স: পর্ব ২

# দূষণ বিহীন শক্তির পথে পৃথিবী




TEXT: SOMDATTA KARAK


ART: ARGHA MANNA

অনুবাদে
অরিন্দম, সন্দীপ
এবং
সবুজ পৃথিবী



সবুজ পৃথিবী

CSIR-CCMB


কাজ করতে যেমন শক্তির প্রয়োজন হয়, ঠিক তেমনই যন্ত্র চালাতেও শক্তির প্রয়োজন হয়
তিন বস্তা কয়লা



শক্তি বিভিন্ন রূপে প্রকৃতির মধ্যে জমা থাকে


মানব সভ্যতার ইতিহাসে এই শক্তির বিভিন্ন রূপগুলিকে মানুষ বিভিন্নভাবে ব্যবহার করেছে





আমাদের শরীর খাবার থেকে
সেই শক্তি পেয়ে থাকে
আর যন্ত্র বা মেশিন,
সেই শক্তি পায় কয়লা জ্বালিয়ে
আঠেরশ শতকের সময় থেকে
বা শিল্প বিপ্লবের পর থেকে
বিভিন্ন শিল্পের প্রয়োজনে
কয়লার ব্যবহার অত্যাধিক
বেড়ে যায়


মাটির অনেক গভীরে পাওয়া এই কয়লা আসলে লক্ষ লক্ষ বছর ধরে চাপ এবং তাপে জীবাশ্ম হয়ে যাওয়া জঙ্গল, যার মুল উপাদান হল কার্বন



কয়লা জ্বালিয়ে তাপশক্তি
পাওয়া যায়, আর পাওয়া যায়..
উফফ!! কি গরম রে বাবা!!!
অনেকটা $CO_2$
$CO_2$
$CO_2$
$CO_2$
$CO_2$
$CO_2$


কয়লা বা তেল পুড়িয়ে
এই শক্তিই ট্রেন-বাস
চালায়, শুধু তাই নয়
আমাদের বাড়ির আলো
পাখাও চলে কয়লা
পুড়িয়ে..
এমনকি টিভি, এরোপ্লেন,
ফ্রিজ বা মোবাইলও


কিন্তু, কয়লা পুড়িয়ে বেরনো $CO_2$
বা কার্বন ডাই অক্সাইড বাতাসে
গ্রিন হাউস গ্যাসের মাত্রা বাড়ায়
এই গ্রিন হাউস গ্যাস
পৃথিবীকে আরো গরম করে
$CO_2$ $CO_2$ $CO_2$ $CO_2$
এবং জলবায়ুর পরিবর্তন হয়....


কিন্তু আশার কথা হল, পৃথিবীর জমা কয়লার ভাণ্ডার আস্তে আস্তে শেষ হয়ে আসছে, কিন্তু আমাদের ভুলে গেলে চলবে না, যে এই বাকি থাকা কয়লাও যদি আমরা ব্যবহার করি তাহলে জলবায়ু পরিবর্তনের প্রভাব থেকে আমরা বাঁচতে পারব না!!
যাচ্চলে!!!! কয়লা তো নেই রে ভাই!
কয়লা শেষ মানেই কি শক্তির উৎস শেষ? আমরা কি মোবাইলে গেম খেলব না? সবুজ পৃথিবীর ওয়েবসাইট পড়ব না?
কি পরিস্কার বাতাস! ডি লা গ্র্যান্ডি...
USE ME



তাহলে আমাদের এমন এক শক্তি খুঁজতে হবে, যা কিনা গ্রিন হাউস গ্যাস তৈরি করে না আবার পৃথিবীর সব জায়গার মানুষের কাছে পাওয়া যায়.. যে আমাদের জলবায়ু পরিবর্তন থেকে বাঁচাবে...
কয়লা খনি বন্ধ!! তবে ভয় পেয়ো না গবেষক, এখনও বাঁচার রাস্তা আছে..
MINE CLOSED


WIND
SUN
WATER
ATOMS
URANIUN ATOM FISSION.
?!
U235
U236
BOOM
আমাদের শক্তি আসবে সূর্য থেকে, শক্তি আসবে বাতাস থেকে!!
আমাদের শক্তি দেবে জল, আমরা শক্তি খুঁজব পরমাণুর মধ্যে থেকে!!!
গ্রীষ্মের দেশে সৌরশক্তি, সমুদ্রের ধারে বায়ুশক্তি, ঝর্নায় লাগাবো টারবাইন...


খানিক মুস্কিল আছে, সব শক্তি সব জায়গায় পাওয়া যায় না, শক্তি সঞ্চয় করা কষ্টকর, কিন্তু কষ্ট না করলে কি কেষ্ট মেলে! গবেষনা চলছে, সমাধান মিলবেই...
এ বড় শান্ত নদী হে!! এখানে জলবিদ্যুৎ হবে না, আমাদের একটু খরস্রোতা নদী চাই


বেড়ে হাওয়া দিচ্ছে!! এই খানটাতেই টারবাইন লাগিয়ে ফেলি



পারমাণবিক বিদ্যুতের জ্বালানি ও বর্জ্য পরিবেশে মিশে গেলে নানান ক্ষতি করতে পারে, তাই খুব সতর্কতা প্রয়োজন...
DANGER
DO NOT ENTER
RADIOACTIVE
DANGER


BIP BIP BIP


BILL
INSTALLATION
CHARGE


আগে হলে দাম অনেক পড়ত, কিন্তু
এখন সৌর বিদ্যুতের একটা ছোট প্যানেল
বাড়িতে লাগানোই যায়, বিদ্যুতের
খরচা কমবে, সঞ্চয় বাড়বে

বিজ্ঞানে উন্নতি
প্রযুক্তিতে গবেষণা
জলবায়ু-বান্ধব নীতি
জলবায়ু শিক্ষা




জলবায়ু পরিবর্তনের হাত থেকে পৃথিবীকে বাঁচাতে কোন পথে তুমি যেতে চাও?

একসাথে আমরা সফল হব...

arghyamanna, 20
drawinghistoryofscience.wordpress.com